

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
বাগেরহাট।

স্মারক নম্বরঃ ৩৮.০১.১০০০, ০০০.১১.০০১,২৫-২০১

তারিখ : ১০.০২.২০২৬

বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত "সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫"-এর চূড়ান্ত ফলাফল প্রকাশ সংক্রান্ত।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত "সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫ এর গত ০৫.১১.২০২৫ তারিখের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫-২০১ নম্বর ও ১২.১১.২০২৫ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০২৪,২৫-২১৫ নম্বর স্মারকে জারিকৃত বিজ্ঞাপনের আলোকে গৃহীত লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫-৫৯ নম্বর স্মারকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাগেরহাট জেলায় সর্বমোট ১৮৬ (একশত ছিয়াশি) জন প্রার্থীকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্য পদে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচনপূর্বক প্রার্থীদের ফলাফল প্রকাশ করা হয়েছে।

ক) প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০২৫ অনুসরণপূর্বক উপজেলাভিত্তিক মেধাক্রম অনুযায়ী নিয়োগের জন্য প্রাথমিকভাবে প্রার্থী নির্বাচন করে তালিকা প্রণয়ন করা হয়েছে।

খ) প্রকাশিত ফলাফলের কোন পর্যায়ে কোন প্রকার ভুল-ত্রুটি/ত্রুটি-বিদ্যুতি/মুদ্রণজনিত ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন করার বা প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ফলাফল বাতিল/সংশোধন করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


কর্তৃপক্ষ তার ঘোষিত ফলাফল বা নির্বাচন বাতিল করতে পারবে।

ঘ) নিয়োগের জন্য প্রাথমিকভাবে বাগেরহাট জেলায় নির্বাচিত প্রার্থীকে আগামী ২২ ফেব্রুয়ারি থেকে ২৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন ও ডেপটেস্ট রিপোর্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বাগেরহাটে দাখিল করতে হবে। স্বাস্থ্যগত সনদে প্রার্থী উল্লিখিত পদে নিয়োগযোগ্য নয় মর্মে উল্লেখ থাকলে তিনি নিয়োগের জন্য বিবেচিত হবেন না।

ঙ) নির্বাচিত প্রার্থীগণকে আগামী ২২ ফেব্রুয়ারি থেকে ০১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে পরিচিতি প্রতিপাদন ও সকল ডকুমেন্টস যাচাইয়ের নিমিত্ত সকল মূল সনদ (সকল সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, ০৩ (তিন) কপি পুলিশ ভেরিফিকেশন ফরম (যথাযথভাবে পূরণকৃত), সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন এবং ডেপটেস্ট রিপোর্ট ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সনদসহ) স্বশরীরে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বাগেরহাটে উপস্থিত হতে হবে।

চ) কোন প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে পূর্ব কার্যকলাপ সন্তোষজনক না হলে কিংবা নাশকতা/সন্ত্রাসী/জঙ্গি কার্যক্রমে সংশ্লিষ্ট কিংবা রাষ্ট্র বিরোধী কোন কার্যক্রমে লিপ্ত ছিলেন মর্মে প্রমাণ পাওয়া গেলে তিনি চাকরিতে অনুপযুক্ত হিসেবে বিবেচিত হবেন।

ছ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে উপরের ঘ ও ঙ অনুচ্ছেদে বর্ণিত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ প্রদান, সকল মূল সনদসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বাগেরহাট এ- উপস্থিত হতে না পারলে এবং পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফর্ম প্রদানে ব্যর্থ হলে পরবর্তীতে তিনি নিয়োগের জন্য বিবেচিত হবেন না।



(নাসরীন আকতার)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

বাগেরহাট।

সদয় অবগতি/অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২. পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬
৩. জেলা প্রশাসক, বাগেরহাট।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৫. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) জেলা- বাগেরহাট। [বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধসহ]
৬. অফিস কপি।